তারিখ 2 6 AUG 2017
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৬ ...

কালের কণ্ঠ

# বন্যার্তদের পাশে ঢাকা বিশ্ববিদ্যালয়

হাসান মেহেদী ▷

দেশের উত্তরাঞ্চলের বন্যার্ত মানুষের পাশে দাঁড়াতে নানামুখী উদ্যোগ নিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও শিক্ষকরা। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠন, স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান, আঞ্চলিক সংগঠনের শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ঘুরে ঘুরে টাকা সংগ্রহ করছে। ইতিমধ্যে শিক্ষক সমিতি ঘোষণা দিয়েছে শিক্ষকদের এক দিনের বেতন দিয়ে বন্যার্তদের সাহায্য করা হবে।

শিক্ষার্থীরা দলে দলে বিভক্ত হয়ে বন্যার্তদের জন্য টাকা সংগ্রহ করছে। টিএসসিভিত্তিক সামাজিক ও সাংস্কৃতিক সংঠনগুলোর সমন্বিত উদ্যোগে অর্থ সংগ্রহে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করছে। গত শুক্রবার শিক্ষক সমিতির এক সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, শিক্ষকদের এক দিনের বেতন দিয়ে (প্রায় ১৮ লাখ টাকা) ঈদের আগে আক্রান্ত এলাকায় ত্রাণ পৌঁছে দেওয়া হবে। শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক রহমত উল্লাহ এ তথ্য নিশ্চিত করেছেন।

বন্যার্তদের সাহায্যের জন্য বর্তমান ও সাবেক শিক্ষার্থীদের ফেসবুক গ্রুপ 'ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবার' অর্থ সংগ্রহ করছে। গ্রুপটির অ্যাডমিনরা এই অর্থ সংগ্রহের নেতৃত্ব দিচ্ছে। শিক্ষার্থীরা ৮-১০টি দলে ভাগ হয়ে বিশ্ববিদ্যালয়ের কার্জন হল, কলাভবন, ব্যবসায় শিক্ষা অনুষদ, নীলক্ষেত ও শাহবাগ মোড় এলাকায় অর্থ সংগ্রহ করছে। এ ছাড়া মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমেও টাকা সংগ্রহ করা হচ্ছে।

এ বিষয়ে 'ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবার' গ্রুপটির অ্যাডমিন মোতাকাব্বির খান প্রবাস বলেন, 'উত্তরাঞ্চলের বন্যায় আক্রান্ত মানুষের সাহায্যের জন্য আমরা বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীদের কাছ থেকে টাকা সংগ্রহ করছি। আগামী ২৪ আগস্ট আমরা দুর্গতদের কাছে ত্রাণ পৌঁছে দেব।'

বানভাসিদের পাশে দাঁড়াতে ব্যতিক্রমী উদ্যোগ নিয়েছে টিএসসিভিত্তিক বিভিন্ন সংগঠন। প্রতিটি সংগঠনের একটি নির্দিষ্ট চাঁদা ধরা হয়েছে। এ ছাড়া ত্রাণ সংগ্রহের জন্য তিন সদস্যবিশিষ্ট আহ্বায়ক কমিটিও গঠন করা হয়েছে। গত ১৭ আগস্ট থেকে ক্যাম্পাসে ত্রাণ সংগ্রহ কর্মসূচি চলছে। আগামীকাল বিশ্ববিদ্যালয়ের স্বোপার্জিত স্বাধীনতা চত্বরে সংগঠনগুলোর উদ্যোগে বড় পরিসরে অর্থ সংগ্রহের জন্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ২৫ আগস্ট ঢাকা ইউনিভার্সিটি ফিল্ম সোসাইটির আয়োজনে 'ফিল্ম শো'র মাধ্যমে শেষ হবে এ কার্যক্রম।

সংগঠনগুলোর কার্যক্রমের সমন্বয়ক মীর লোকমান বলেন, 'দেশের বন্যার্ত মানুষকে সহযোগিতা করার জন্য টিএসসিভিত্তিক সামাজিক-সাংস্কৃতিক সংগঠনগুলো ঐক্যবদ্ধ হয়েছে। আগামী রবিবার ত্রাণ বিতরণের জন্য চার সদস্যদের একটি টিম দুর্গত এলাকায় পাঠানো হবে।

এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, স্বেচ্ছাসেবী ছাত্র সংগঠন থেকে বন্যার্তদের সহায়তার উদ্যোগ নেওয়া হয়েছে। এর মধ্যে ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি সাইফুর রহমান সোহাগ ও সাধারণ সম্পাদক এস এম জাকির হোসাইনের তত্ত্বাবধানে ৯টি টিম কাজ করছে। রং তুলিতে গান কবিতায় বন্যার্তদের জন্য ত্রাণ সংগ্রহ করছে ছাত্র ইউনিয়ন।

এ ছাড়া স্বেচ্ছাসেবী সংগঠন স্ট্রিট ল্যাম্প বন্যার্তদের সাহায্যের জন্য অর্থ সংগ্রহ করছে। ২৩ আগস্ট তারা ত্রাণ বিতরণের উদ্দেশ্যে জামালপুরের উদ্দেশে রওনা দেবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নরত বন্যাকবলিত জেলার ছাত্র সংগঠনগুলোর পক্ষ থেকে অর্থ সংগ্রহ করা হচ্ছে।